দৈনিক ইনকিলাব

তারিখ 5/1/২০০৯
পৃষ্ঠা 2 কলাম ৫

# রাবিতে ছাত্রলীগ-শিবির রক্তক্ষয়ী সংঘর্ষের আশংকা দু'টি হলে ছাত্রদল-শিবিরের রুম ভাংচুর

রাবি সংবাদদাতা : ক্যাম্পাস রাজনীতির পালাবদলের পর রাজশাহী বিশ্ববিদ্যালয়ে দীর্ঘদিন ধরে আধিপত্য বিস্তারকারী ছাত্র সংগঠন ছাত্র শিবিরের সাথে ছাত্রলীগের রক্তক্ষয়ী সংঘর্ষের আশংকা রয়েছে। যে কোন ধরনের একটি বড় সংঘর্ষে ক্যাম্পাস আবারও বন্ধ হয়ে যেতে পারে, এমন আশংকা করে সাধারণ শিক্ষার্থী ও অভিভাবকরা উদ্বিগ্ন হয়ে পড়েছে। হলগুলোতে দখল নিতে ইতোমধ্যে ছাত্রলীগ নানা কর্মসূচী ঘোষণা করেছে। তারই অংশ হিসেবে গত শনিবার রাতে রাবি'র দু'টি আবাসিক হলে ছাত্রদল ও ছাত্রশিবিরের বোর্ড ভাংচুর করেছে। রোববার একটি হলে ছাত্রদলের ৫টি কক্ষে ভাংচুর চালিয়েছে। সেগুলো পুরোপুরি নিজেদের দখলে নিতে প্রত্যেক আবাসিক হলে অবস্থান নিয়েছে ছাত্রলীগ কর্মীরাসহ বহিরাগত ছাত্রলীগ কর্মীরা। কেন্দ্রীয় নির্দেশ পেলেই হল থেকে শিবিরকে উৎখাত করার ঘোষণা দিয়েছে ছাত্রলীগ।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, শনিবার রাতে ছাত্রলীগ একটি মিছিল নিয়ে জিয়া হলে যায়। সেখানে জিয়াউর রহমানের ছবি ভাংচুর করে। বঙ্গবন্ধু শেখ মুজিবের ছবি স্থাপন করে গেটে থাকা ছাত্রদল ও ছাত্রশিবিরের বোর্ড ভাংচুর করে। পরে ছাত্রলীগের মিছিলটি সৈয়দ আমীর আলী হলে এসে সেখানে থাকা আরও কয়েকটি শিবিরের বোর্ড ভাংচুর করে। মিছিলটি শাহ মখদুম হলে পৌঁছলে হল গার্ড গেটে তালা ঝুলিয়ে দিলে মিছিল ভিতরে প্রবেশ করতে না পেরে সেখানে সমাবেশ করে। এতে ছাত্র শিবির ও ছাত্রলীগের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষের আশংকা সৃষ্টি হয়। এ সময় হলের শিক্ষার্থীরা উদ্বিগ্ন হয়ে পড়ে। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে। গতকাল রোববার ছাত্রলীগ ক্যাম্পাসে ছাত্রশিবিরের ব্যানার কেটে আগুনে পুড়িয়ে ফেলে এবং শহীদ জিয়াউর রহমান হলের ছাত্রদলের ১১৮, ১২৮, ৩০৬, ৪০৯, ৩২১ এই ৫টি কক্ষ ভাংচুর করে তালা লাগিয়ে দেয়।